ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৩৬৮

আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৫

**উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে বিনিয়োগ প্রসারে**
**উচ্চ পর্যায়ের টাস্ক ফোর্সের তৃতীয় বৈঠক**

উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে বিনিয়োগের প্রসারে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহাকে আহ্বায়ক করে গঠিত উচ্চ পর্যায়ের টাস্ক ফোর্সের তৃতীয় বৈঠক আজ কেন্দ্রীয় উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক (ডোনার)-এর মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। ভার্চুয়ালি এই বৈঠকে কেন্দ্রীয় উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক(ডোনার)-এর মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া ছাড়াও কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প প্রতিমন্ত্রী জিতিন প্রসাদ, কেন্দ্রীয় ডোনার প্রতিমন্ত্রী ড. সুকান্ত মজুমদার, নাগাল্যান্ডের উপমুখ্যমন্ত্রী টি আর জেলিয়াং, মেঘালয়ের পাবলিক হেলথ ও ইঞ্জিনিয়ারিং দপ্তরের মন্ত্রী মার্কুইজ মারাক উপস্থিত ছিলেন ও আলোচনায় অংশ নেন। ত্রিপুরা ইনস্টিটিউশন ফর ট্রান্সফরমেশন কার্যালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত এই ভার্চুয়াল বৈঠকে সাধারণ প্রশাসন (গুড গভর্নেন্স) দপ্তরের সচিব কিরণ গিত্যে, মুখ্যমন্ত্রীর সচিব ড. পি কে চক্রবর্তী, পরিকল্পনা দপ্তরের সচিব এল টি ডার্লং সহ অন্যান্য পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে বিনিয়োগের প্রসারে টাস্ক ফোর্সের গৃহীত কৌশলগত ও নীতিমালা সুপারিশের জন্য খসড়া প্রতিবেদন উপস্থাপন করেন। উত্তর পূর্বাঞ্চলকে ভারতের সবুজ শিল্প কেন্দ্র এবং পূর্বাঞ্চল স্টার্ট আপ করিডোর হিসাবে আত্মপ্রকাশের জন্য কৌশলগত রূপরেখা তৈরি করা হয়েছে, যেখানে পরিকাঠামো যোগাযোগ, বিনিয়োগের সুবিধাসমূহ এবং সমগ্র অঞ্চলজুড়ে সমন্বিত নীতিমালার উপর এই প্রতিবেদনে গুরুত্ব আরোপ করা হয়েছে। উল্লেখ্য, ত্রিপুরা ইনস্টিটিউশন ফর ট্রান্সফরমেশন এবং আই আই এম কোলকাতা-কে যৌথভাবে এই খসড়া প্রতিবেদন প্রনয়নের জন্য দায়িত্ব দেওয়া হয়েছিল।

কেন্দ্রীয় উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক(ডোনার)-এর মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া এই খসড়া প্রতিবেদনের ক্ষেত্রে বিস্তৃত প্রস্তুতি, সুসংগঠিত পদ্ধতি এবং দূরদর্শিতার জন্য রাজ্য সরকার এবং মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহার ভূয়সী প্রশংসা করেন। খসড়া প্রতিবেদন তৈরীতে সমন্বিত পরিকল্পনারও তিনি প্রশংসা করেন। স্টেক হোল্ডারদের সাথে বিস্তৃতভাবে পরামর্শ, থ্রাস্ট সেক্টর চিহ্নিতকরণ এবং স্থিতিশীল ও অন্তর্ভূক্তিমূলক শিল্প উন্নয়নের উপর এই খসড়া প্রতিবেদনে গুরুত্ব দেওয়া হয়েছে।

*২য় পাতায়*

বৈঠকে উপস্থাপিত এই খসড়া প্রতিবেদনে, উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগের সুবিধার্থে, লজিস্টিক ইন্টিগ্রেশন ও রাজ্যগুলির মধ্যে সমন্বয় সাধনের জন্য ইউনিফাইড নর্থ ইষ্ট ইনভেস্টমেন্ট অথোরিটি, নর্থ ইষ্ট কানেক্টিভিটি ও লজিস্টিক্স অথোরিটি এবং নর্থ ইষ্ট ইন্ডাস্ট্রিয়াল ফ্রি ট্রেড অথোরিটিকে অন্তর্ভুক্ত করা হয়েছে। কেন্দ্রীয় ডোনার মন্ত্রী বলেন, উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির সম্মিলিত শক্তি, কেন্দ্রীয় সরকারের সহায়তা এই অঞ্চলকে প্রধান বিনিয়োগের গন্তব্য হিসাবে পরিণত করবে, যা অ্যাক্ট ইষ্ট পলিসি এবং বিকশিত ভারত ২০৪৭ দৃষ্টিভঙ্গির সাথে সমন্বিত।

******